



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
বন্দর ভবন, চট্টগ্রাম- ৪১০০  
www.cpa.gov.bd  
নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৪/২০১৮

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহ্বান করছেঃ-

ক্রম নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জাঃবেঃস্কেল-২০১৫	২৪/০৭/২০১৮ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সিনিয়র মেডিক্যাল অফিসার (গাইনী)	০১	টাঃ ৩৫৫০০-৬৭০১০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩৫ বৎসর	ক) এম বি বি এস ডিগ্রীসহ ৫ বৎসরের অভিজ্ঞতা। খ) গাইনীতে রেজিস্টার/আর এস হিসাবে কমপক্ষে ৪ বৎসরের অভিজ্ঞতা। গ) অবস্ট্যাটিক ও গাইনীকোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা/ডিগ্রীধারী কে অগ্রাধিকার দেয়া হবে।
২।	সিনিয়র মেডিক্যাল অফিসার (বিঃ টিঃ)	০১	টাঃ ৩৫৫০০-৬৭০১০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৪০ বৎসর	ক) এম বি বি এস ডিগ্রীসহ ৫ বৎসরের অভিজ্ঞতা। খ) রক্ত সঞ্চালন কেন্দ্রে ৪ বৎসরের অভিজ্ঞতা। গ) রক্ত সঞ্চালন বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা/ ডিগ্রীধারী কে অগ্রাধিকার দেয়া হবে।
৩।	দন্ত বিশেষজ্ঞ	০১	টাঃ ৩৫৫০০-৬৭০১০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৪৫ বৎসর	ক) এম বি বি এস ডিগ্রীসহ নির্ধারিত বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা/ডিগ্রী/ফেলোশীপ থাকতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২ (বার) বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।
৪।	চক্ষু বিশেষজ্ঞ	০১	টাঃ ৩৫৫০০-৬৭০১০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৪৫ বৎসর	ক) এম বি বি এস ডিগ্রীসহ নির্ধারিত বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা/ডিগ্রী/ফেলোশীপ থাকতে হবে। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২ (বার) বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।
৫।	রেডিওলজিস্ট	০১	টাঃ ২২০০০-৫৩০৬০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩০ বৎসর	ক) এম বি বি এস ডিগ্রীসহ ০১ বৎসরের ইন-সার্ভিস প্রশিক্ষণ থাকতে হবে। খ) সার্জারী/মেডিসিন/গাইনোকোলজি/চক্ষু/ইএনটি/রেডিওগ্রাফী/পেডিয়াট্রিক ইত্যাদি ক্ষেত্রে ০১ বৎসরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
৬।	ড্রেসার	০৩	টাঃ ৯০০০-২১৮০০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩০ বৎসর	ক) এস এস সি সহ অনুমোদিত হাসপাতালে ড্রেসারের কাজে কমপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। সংশ্লিষ্ট বিষয়ে সনদধারীকে অগ্রাধিকার দেয়া হবে।

**অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী :**

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট- [jobscpa.org](http://jobscpa.org) তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে;
- অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতিত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়) এবং আবেদনের হার্ড কপি প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ০১-০৫ ক্রমিক এর পদের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা এবং ০৬ ক্রমিক এর পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা ;
- আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপির সাথে, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান এর ক্ষেত্রে প্রয়োজনীয় সনদপত্রাদি (ভারতীয় তালিকা, লাল মুক্তিবর্তা, গেজেট, সাময়িক সনদ, বামুস সনদ ইত্যাদি), অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে আবেদনের পনের দিনের মধ্যে

পাতা নং-২

পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে;

- ৫। প্রার্থীদের অন-লাইনে আবেদনের কপি আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে;
- ৬। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে;
- ৭। নিয়োগের ব্যাপারে সরকারী বিধি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে;
- ৮। অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে hr@cpa.gov.bd ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে;
- ৯। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে;
- ১০। ক্রমিক ০৫ ও ০৬ এ বর্ণিত পদসমূহের জন্য মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য;
- ১১। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ১২। অন-লাইনে আবেদন গ্রহণ শুরু সময় : - ২০/০৬/২০১৮ খ্রিঃ সকাল ১০-০০ টা;
- ১৩। অন-লাইনে আবেদন গ্রহণের শেষ সময় : - ২৪/০৭/২০১৮ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত;
- ১৪। সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ - ২৬/০৭/২০১৮ খ্রিঃ।



(সাদেকা বেগম)

পরিচালক (প্রশাসন)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ